দৈনিক
ইত্তেফাক

তারিখ 26 DEC 2017
পৃষ্ঠা ... কলাম ...

ঢাবির সিনেট নির্বাচন নিয়ে গণতান্ত্রিক ঐক্যের সভা

আগৈলঝাড়া (বরিশাল) সংবাদদাতা

ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) রেজিস্টার্ড গ্র্যাজুয়েট প্রতিনিধিদের (সিনেট) নির্বাচনে গণতান্ত্রিক ঐক্য পরিষদের ২৫ সদস্যের ঘোষিত প্যানেল প্রার্থীদের পরিচিতি ও মতবিনিময় সভা আগৈলঝাড়ায় অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে আগৈলঝাড়ায় জেলা পরিষদ ডাক বাংলো সভাকক্ষে ঢাবির সংস্কৃত বিভাগের সহকারী অধ্যাপক কালী দাস ভক্তর সভাপতিত্বে প্যানেল প্রার্থী মুক্তিযোদ্ধা এম ফরিদ উদ্দিন প্রধান অতিথি হিসেবে সভায় প্যানেল প্রার্থীদের পরিচিতি প্রদান করেন।

বাঙালি জাতীয়তাবাদ, গণতন্ত্র ও মুক্তিযুদ্ধের চেতনা প্রতিষ্ঠার লক্ষ্যে ঢাবি শিক্ষকদের নীল দল কর্তৃক সমর্থিত ২৫ সদস্যর প্যানেলকে বিজয়ী করতে ৬ জানুয়ারি আগৈলঝাড়া শহীদ আব্দুর রব সেরনিয়াবাত সরকারি ডিগ্রি কলেজ কেন্দ্রে ভোট দেওয়ার আহ্বান জানান বক্তরা। সভায় বক্তব্য রাখেন শহীদ আব্দুর রব সেরনিয়াবাত সরকারি ডিগ্রি কলেজ ভারপ্রাপ্ত অধ্যক্ষ কমলা রানী মণ্ডল, বরিশাল জেলা পরিষদ সদস্য অ্যাডভোকেট রনজিত কুমার সমদ্দার, বিএম কলেজের সাবেক ভিপি আনোয়ার হোসেন, মুক্তিযোদ্ধা আবু তাহের মিয়া, লিয়াকত আলী হাওলাদার, সিরাজুল হক, প্রভাষক মন্মথ ভক্ত, প্রধান শিক্ষক সুনীল কুমার বাড়ৈ, শিক্ষক দীনেশ চন্দ্র হালদার ও প্যানেল প্রার্থী অধ্যাপক আব্দুল বারী ও একেএম সাহাবুদ্দিন খাজা।

উল্লেখ্য, আগামী ৬ জানুয়ারি আগৈলঝাড়া শহীদ আব্দুর রব সেরনিয়াবাত সরকারি ডিগ্রি কলেজ কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। কেন্দ্রে ভোটার সংখ্যা ২৫৯ জন।